বিষয় কোড | ২ | ৬ | ৯ |

# এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান—৬০**

**[ নিচের উদ্দীপকগুলো পড় এবং যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও। ]**

১। একাদশ শ্রেণির মানবিক শাখার ছাত্রী জয়া। তার নিজের পছন্দকৃত ঐচ্ছিক বিষয়গুলোর কোনো ক্লাস না থাকায় বন্ধুদের সাথে মানবিক শাখার অন্য একটি ক্লাসে বসেছিল। শিক্ষক উক্ত ক্লাসে নাগরিকতা, সুনাগরিকতার গুণাবলি, নাগরিকের অধিকার ও কর্তব্য প্রভৃতি বিষয়ের ওপর আলোচনা করছিলেন। ক্লাসে উপস্থিত থাকায় জয়ার মনে হলো একজন নাগরিক হিসেবে তার এই বিষয়ের ওপর জ্ঞান থাকা দরকার।

ক. প্রাচীনকালে এথেন্স ও স্পার্টায় কোন ধরনের রাষ্ট্র প্রচলিত ছিল? ১

খ. পৌরনীতির সাথে ইতিহাসের সম্পর্ক কী? ২

গ. উদ্দীপকে শিক্ষক যে বিষয়ের ওপর পাঠদান করেছিলেন, তার বিষয়বস্তু আলোচনা কর। ৩

ঘ. আরিফের মতো তুমিও কী মনে কর এই বিষয়ের ওপর জ্ঞান থাকা দরকার? যুক্তি দাও। ৪

২। অমিত বাংলাভাষী। তার মতো তার দেশের অন্যরাও বাংলা ভাষায় কথা বলে। ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ, ১৬ ডিসেম্বরে সারা দেশের মানুষ অমিতের মতোই বিশেষ চেতনায় উদ্বুদ্ধ হয়। একই ভৌগোলিক সীমানায় বসবাসকারী বাংলা ভাষাভাষী মানুষ নিজেদেরকে অন্য জাতি থেকে পৃথক মনে করে।

ক. আইনের শাসন কী? ১

খ. মানুষকে সামাজিক জীব বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে অমিতের জাতীয়তার যে উপাদানগুলো ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত জাতীয়তার উপাদানসমূহ ব্যতীত জাতীয়তার আরও উপাদান রয়েছে"— তুমি কী উক্তিটির সঙ্গে একমত? যুক্তি দাও। ৪

৩। মতিঝিল আইডিয়াল স্কুলের দশম শ্রেণির ছাত্র রিফাত তার বাবার সাথে একদিন সংসদ অধিবেশন প্রত্যক্ষ করার জন্য সংসদ ভবনে গিয়েছিল। উপস্থিত সংসদ সদস্যদের প্রাণবন্ত আলোচনা, নির্দিষ্ট প্রশ্নোত্তর, সারগর্ভ ভাষণ আগ্রহের সাথে শোনে। রিফাত এই অভিজ্ঞতা দেশের বাইরে 'ক' দেশে উচ্চশিক্ষা গ্রহণকারী তার বড় ভাই বিপুলকে বললে সে বলে, এদেশে জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত রাষ্ট্রপতি মন্ত্রীদের নিয়োগ করে এবং মন্ত্রীরা তার নিকট দায়ী থাকে।


ক. গণতন্ত্র কী? ১

খ. যুক্তরাষ্ট্রীয় সরকারের সফলতার দুইটি শর্ত লেখ। ২

গ. 'ক' রাষ্ট্রের কোন ধরনের সরকারব্যবস্থা বিদ্যমান? আলোচনা কর। ৩

ঘ. রিফাতের দেশ ও 'ক' রাষ্ট্রের সরকারব্যবস্থা পার্থক্য লেখ। ৪

৪। উদ্দীপকটি পড় এবং নিম্নের প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. শক্তি নয়, ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি?— উক্তিটি কার? ১

খ. সমাজতন্ত্র বলতে কী বোঝায়? ২

গ. '?' চিহ্নিত স্থানে যা বসবে এর সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান কোনটি? কেন? বিশ্লেষণ কর। ৩

ঘ. '?' চিহ্নিত স্থানে যা বসবে তার সাথে সরকারের পার্থক্য দেখাও। ৪

৫। রাজু পৌরনীতি অধ্যয়ন করে সরকারের আইন বিভাগ সম্পর্কে জানতে পেরেছে। তার মতে, গণতান্ত্রিক শাসনব্যবস্থায় আইন বিভাগের গুরুত্ব অপরিসীম। আইন বিভাগের মাধ্যমেই জনগণের ইচ্ছার প্রতিফলন ঘটে। আইন বিভাগ জনগণের মতামতের প্রতি দৃষ্টি রেখে যুগোপযোগী আইন প্রণয়ন করে। ফলে আইন বিভাগের মাধ্যমে জনসাধারণের অভিপ্রায় বলবৎ থাকার কারণে এ বিভাগের স্থান সবার উপরে।

ক. ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি কী? ১

খ. বিচার বিভাগের স্বাধীনতা রক্ষার দুইটি উপায় ব্যাখ্যা কর। ২

গ. 'আইন বিভাগের মাধ্যমে কীভাবে জনগণের ইচ্ছার প্রতিফলন ঘটে'— রাজুর উক্তিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'আইন বিভাগ' সম্পর্কে রাজুর মতামত মূল্যায়ন কর। ৪

৬। গণতান্ত্রিক দেশ হিসেবে বাংলাদেশের প্রতিটি নাগরিক স্বাধীন হলেও শিলা ও তার পরিবারের ক্ষেত্রে দেখা গেল ভিন্ন চিত্র। গত নির্বাচনে এলাকার প্রভাবশালী প্রার্থীর কারণে স্বাধীনভাবে ভোট প্রদানের অধিকার থেকে বঞ্চিত হয় তারা। দলের সন্ত্রাসীদের দ্বারা ভয় দেখিয়ে শিলাকে জিম্মি করে তার পরিবারের স্বাধীনভাবে ভোট দেওয়ার অধিকারকে ক্ষুণ্ন করে ঐ প্রার্থী। শিলার পরিবারের প্রত্যেকটি ব্যক্তির স্বাধীনভাবে চলা দুষ্কর হয়ে পড়ে। শিলার পরিবারের শুভাকাঙ্ক্ষী একজন গোপনে এ ব্যাপারে আইনের সহায়তা চাইলে স্থানীয় পুলিশ প্রশাসন এ ব্যাপারে উদ্যোগ গ্রহণ করে এবং শিলাকে মুক্ত করে।

ক. আইন কী? ১

খ. সাম্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে শিলা ও তার পরিবার কোন ধরনের স্বাধীনতা উপভোগ থেকে বঞ্চিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর আইনের প্রয়োগের ফলে শিলা ও তার পরিবার স্বাধীনতা ভোগ করতে পেরেছে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭। এক দম্পতি চাকরিসূত্রে মার্কিন যুক্তরাষ্ট্রে ২০ বছরের অধিক সময় ধরে বসবাস করছেন। সেখানে তাদের মেয়ে মিতার জন্ম হয়। তারা সেখানে নিজেদের আয়ে একটি ব্যবসা প্রতিষ্ঠান ক্রয় করেন। সরকারকে নিয়মিত আয়কর দেন। দেশের আইনকানুন মেনে চলেন। এই দম্পতি এখন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক।

ক. মানবাধিকার কী? ১

খ. নাগরিক ও বিদেশিদের মধ্যে দুইটি পার্থক্য আলোচনা কর। ২

গ. উদ্দীপকের দম্পতির নাগরিকতা লাভের প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দম্পতি ও মিতার নাগরিকতার মধ্যে পার্থক্য লেখ। ৪

৮। যেকোনো সরকারব্যবস্থায় সরকারের নীতি বাস্তবায়নের জন্যে একদল স্থায়ী ও দক্ষ কর্মচারীদের সংগঠন থাকে। তারা সরকারের নির্দেশ মোতাবেক কার্যাবলি সম্পাদন করে থাকে। সরকারের সাচিবিক দায়িত্ব দক্ষতার সাথে পালন করে এরা পুরস্কৃত হয়। ফলে তাদের কর্মে গতিশীলতা আসে। সরকার পরিবর্তন হলেও এরা স্থায়ীভাবে দায়িত্ব পালন করে।

ক. জনমত কী? ১

খ. লালফিতার দৌরাত্ম্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে তোমার পাঠ্যপুস্তকের কোন বিষয়ের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোচিত শ্রেণি কী কী কার্যাবলি সম্পাদন করে বলে তুমি মনে কর। ৪

৯। জাহিদ একটি সংগঠনের সদস্য। তার সংগঠন বিভিন্নভাবে সরকারের সমালোচনা করে। বিভিন্ন রাজনৈতিক কর্মসূচি ঘোষণা করে। সংগঠনটির উদ্দেশ্যে সরকারের ভুলত্রুটি জনগণের সামনে তুলে ধরা এবং আগামী নির্বাচনে বিজয়ী হয়ে সরকার গঠন করা।

ক. নেতৃত্ব কী? ১

খ. চাপ সৃষ্টিকারী গোষ্ঠী বলতে কী বোঝায়? ২

গ. উদ্দপিকে উল্লিখিত বৈশিষ্ট্যগুলোর বাইরে জাহিদের সংগঠনের আর কী কী বৈশিষ্ট্য থাকতে পারে বলে তুমি মনে কর? আলোচনা কর। ৩

ঘ. বাংলাদেশের মতো দেশে জাহিদের সংগঠনের মতো সংগঠনগুলোর গুরুত্ব বর্ণনা কর। ৪

Teachingbd.com

বিষয় কোড | ২ | ৬ | ৯ |

# এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট — বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র (বহুনির্বাচনি) — পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

১. কোনো ব্যক্তি নাগরিক হিসেবে সর্বপ্রথম কিসের সদস্যপদ অর্জন করবে?
(ক) জাতিসংঘ (খ) নগর ভবন
(গ) পৌর এলাকা (ঘ) জেলা শহর

২. 'পিতৃতান্ত্রিক পরিবার হচ্ছে পরিবার ব্যবস্থার আদিরূপ' —এটি কার মত?
(ক) এরিস্টটল (খ) ম্যাকাইভার
(গ) স্যার হেনরি মেইন (ঘ) মর্গান

৩. চেরনোবিলের পারমাণবিক দুর্ঘটনার তেজস্ক্রিয় বোমা কোন দেশের সবুজ ঘাসকে আক্রান্ত করেছে?
(ক) বাংলাদেশ (খ) ভারত
(গ) পাকিস্তান (ঘ) পোল্যান্ড

৪. কোন শক্তির ভীতি মানুষকে সামাজিক জীবন শুরু করতে উদ্বুদ্ধ করে?
(ক) প্রাকৃতিক শক্তি (খ) বিদ্যুৎ শক্তি
(গ) নবায়নকৃত শক্তি (ঘ) আণবিক শক্তি

৫. কাদের প্রয়োজনে এবং কাদের দ্বারা সমাজ গড়ে ওঠে?
(ক) সমাজের (খ) পরিবারের
(গ) সমাজবিজ্ঞানীদের (ঘ) মানুষের

৬. সামাজিক মূল্যবোধের ভিত্তি হল—
i. সামাজিক ন্যায়বিচার
ii. সহনশীলতা
iii. আইনের শাসন
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. জাতি-রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা কে?
(ক) ম্যাকিয়াভেলি (খ) বিসমার্ক
(গ) হিটলার (ঘ) মুসোলিনী

৮. পূর্ণাঙ্গ প্রতিষ্ঠান হিসেবে কাজ করতে সক্ষম কোনটি?
(ক) সরকার (খ) রাষ্ট্র
(গ) সার্বভৌমত্ব (ঘ) হাসপাতাল

৯. রাষ্ট্রের উপাদান হল—
i. নির্দিষ্ট ভূখণ্ড
ii. জনসমষ্টি
iii. সচিবালয়
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০. বলপ্রয়োগ মতবাদের মূলকথা কী?
i. জোর যার মুল্লুক তার
ii. বড় মাছ ছোট মাছ খেয়ে ফেলে
iii. বল দ্বারা সকলকে বশীভূত করা যায়
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. নৈরাজ্যবাদী দার্শনিকদের মতে রাষ্ট্র কেমন?
(ক) জনকল্যাণের আধার (খ) কল্যাণমূলক
(গ) অতীব প্রয়োজনীয় (ঘ) দুর্নীতির আখড়া

১২. 'ডাস ক্যাপিটাল' গ্রন্থের রচয়িতা কে?
(ক) কার্ল মার্কস (খ) ম্যাকিয়াভেলি
(গ) জন বডিন (ঘ) লেনিন

■ নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও।
আমিরুল পৌরনীতি পাঠে জেনেছে যে, শাসনব্যবস্থা পরিচালনার ক্ষেত্রে সরকার জনগণের নিকট দায়বদ্ধ। কাজেই সরকারের উত্থান ও পতন জনগণের সার্বভৌমত্ব দ্বারা নির্ধারিত হয়।

১৩. পৌরনীতি কোন বিষয়ক বিজ্ঞান?
(ক) নাগরিকতা (খ) সাহসিকতা
(গ) বাহ্যিকতা (ঘ) বিভাজনতা

১৪. জনগণের সার্বভৌমত্ব বলতে বোঝায়—
i. পেশিশক্তি
ii. ভোটাধিকার
iii টাকাপয়সা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৫. 'স্বাধীনতা ও সাম্য পরস্পর বিরোধি'—উক্তিটি কার?
(ক) অ্যাকটন (খ) টকভিল
(গ) রুশো (ঘ) লাস্কি

১৬. সাংস্কৃতিক অধিকারের সাথে সম্পৃক্ত কোনটি?
(ক) চাকরি পাওয়া (খ) সাহিত্যচর্চা
(গ) ধর্মীয় পুস্তক অধ্যয়ন (ঘ) ভোট প্রদান

১৭. কোন যুগে ধর্মীয় রীতিনীতির বেড়াজালে জনগণের রাজনৈতিক অধিকার আবদ্ধ ছিল?
(ক) প্রাচীন যুগ (খ) মধ্যযুগ
(গ) প্রাক-আধুনিক (ঘ) আধুনিক

১৮. জাতিসংঘের কোন শাখায় মানবাধিকার ঘোষণা করা হয়?
(ক) সাধারণ পরিষদ (খ) নিরাপত্তা পরিষদ
(গ) অছি পরিষদ (ঘ) ইউনেস্কো

১৯. যুক্তরাষ্ট্রীয় সরকারের বৈশিষ্ট্য কেমন?
i. কেন্দ্রীয় ও প্রাদেশিক শাসন
ii. ঐক্যবদ্ধ হয় না, একীভূত হয়
iii. সংবিধানের প্রাধান্য
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও২১নং প্রশ্নের উত্তর দাও।
'M' রাষ্ট্রে গণতান্ত্রিক চর্চা বিদ্যমান। জনগণ রাষ্ট্রীয় কর্মকাণ্ডে পরোক্ষভাবে অংশগ্রহণ করে। অপরদিকে 'N' রাষ্ট্রে শাসকের একচ্ছত্র আধিপত্য বিরাজমান। শাসক তার খেয়াল খুশিমত রাষ্ট্র পরিচালনা করে।

২০. উদ্দীপকে আলোচিত 'M' রাষ্ট্রে কোন প্রকৃতির শাসন বিদ্যমান?
(ক) রাজতন্ত্র (খ) সামরিক
(গ) স্বৈরাচারী (ঘ) জবাবদিহিমূলক

২১. উদ্দীপকে 'N' রাষ্ট্রের শাসন—
i. গণতান্ত্রিক
ii. কর্তৃত্ববাদী
iii. স্বৈরাচারী
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. "ব্যক্তিস্বাধীনতার জন্য বিচার বিভাগের স্বাধীনতা অপরিহার্য" — উক্তিটি কার?
(ক) বেকন (খ) ব্রাইস
(গ) লাস্কি (ঘ) ফাইনার

২৩. দুষ্পরিবর্তনীয় সংবিধানের গুণ হল—
i. সুস্পষ্ট ii. স্থিতিশীল
iii. বিপ্লবের জন্ম দেয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. বিপ্লবের দ্বারা কোন দেশের সংবিধান তৈরি হয়েছে?
(ক) চীন (খ) যুক্তরাষ্ট্র
(গ) ফ্রান্স (ঘ) বাংলাদেশ

২৫. এলাকাভিত্তিক নির্ধারিত ভোট প্রদানের স্থানকে কী বলে?
(ক) নির্বাচনি কেন্দ্র (খ) নির্বাচনি অফিস
(গ) আশ্রয়কেন্দ্র (ঘ) নিয়ন্ত্রণ কেন্দ্র

২৬. কারও কারও মতে, কোন দিক হতে নারীরা পুরুষ অপেক্ষা দুর্বল?
(ক) শিক্ষা (খ) শারীরিক
(গ) শারীরিক ও মানসিক (ঘ) মানসিক

২৭. কারা আমলাদের ওপর চাপ সৃষ্টি করে স্বার্থ উদ্ধার করতে চায়?
(ক) রাজনৈতিক দল (খ) চাপসৃষ্টিকারী গোষ্ঠী
(গ) উপদল (ঘ) সরকার

২৮. কার সংস্পর্শে প্রকাশ্য সামাজিকীকরণ শুরু হয়?
(ক) পিতামাতা (খ) শিক্ষা প্রতিষ্ঠান
(গ) রাজনৈতিক দল (ঘ) বন্ধুবান্ধব

২৯. একদলীয় শাসনব্যবস্থার ত্রুটি হল—
i. অগণতান্ত্রিকতা
ii. স্বৈরাচারের পৃষ্ঠপোষকতা
iii. ব্যক্তিত্ব বিকাশের পরিপন্থী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. রাজনৈতিক দল কীভাবে স্বার্থ একত্রীকরণের কাজ করে?
(ক) দাবির মাধ্যমে (খ) চাপ সৃষ্টি করে
(গ) নীতিনির্ধারণ করে (ঘ) আন্দোলন করে

৩১. সুষ্ঠু জনমত গঠনে কিসের গুরুত্ব অপরিসীম?
(ক) শিক্ষার প্রসার
(খ) মতামত প্রকাশের স্বাধীনতা
(গ) সামাজিক স্বার্থ
(ঘ) ঐক্য ও সংহতির মনোভাব

৩২. যেখানে আমলারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—
(ক) সিদ্ধান্ত গ্রহণে (খ) বিচারালয়ে
(গ) গ্রেফতারে (ঘ) সুপারিশে

৩৩. যেখানে উত্তরাধিকারীর কোনো স্বত্ব নেই—
(ক) পরিবারতন্ত্রে (খ) অভিজাততন্ত্রে
(গ) আমলাতন্ত্রে (ঘ) রাজতন্ত্রে

৩৪. কাদেরকে উন্নয়নের নেতা বলা হয়?
(ক) ইউএনও-দের (খ) আমলাদের
(গ) ডিসিদের (ঘ) এসপিদের

৩৫. বাংলাদেশের আমলাগণ জনগণের সাথে যেরূপ ব্যবহার করেন—
(ক) সেবকের মতো (খ) বন্ধুর মতো
(গ) প্রভুর মতো (ঘ) দানবের মতো

৩৬. কী দিয়ে নেতা জনগণকে অভিভূত করে ফেলেন?
(ক) টাকাপয়সা (খ) পেশিশক্তি
(গ) সম্মোহনী বক্তৃতা (ঘ) ধোঁকা

৩৭. অনুসারিগণ কাদের সাথে মিশে গিয়ে নেতৃত্বকে গতিশীল করে তোলে?
(ক) আমলাদের (খ) জনগণের
(গ) বিদেশিদের (ঘ) এমপিদের

৩৮. কার নেতৃত্বে যুক্তরাষ্ট্রের জাতীয় ঐক্য গড়ে ওঠে?
(ক) রুজভেল্ট (খ) উড্রো উইলসন
(গ) রিচার্ড নিক্সন (ঘ) আব্রাহাম লিঙ্কন

৩৯. নেতৃত্ব কীভাবে জনরায় সৃষ্টি করেন?
(ক) জনগণের বন্ধু হয়ে
(খ) জনগণের মনের দাবির কথা বলে
(গ) সম্মোহনী বক্তৃতা দিয়ে
(ঘ) কর্মসূচি দানের মাধ্যমে

৪০. সুযোগ্য নেতার জন্য কোনটি অপরিহার্য?
(ক) আকর্ষণীয় চেহারা (খ) উচুস্বরে বক্তৃতা
(গ) জনগণের আনুগত্য (ঘ) সীমাহীন ক্ষমতা

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ |
| ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | গ |

Teachingbd.com